# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৪২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. দ্বিতীয় অনুচ্ছেদ - মুক্তাদীর ওপর ইমামের যা অনুসরণ করা কর্তব্য এবং মাসবূকের হুকুম

আরবী

عَنْ عَلِيٍّ وَمُعَاذِ بْنِ جَبَلٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا أَتَى أَحَدُكُمُ الصَّلَاةَ وَالْإِمَامُ عَلَى حَالٍ فَلْيَصْنَعْ كَمَا يَصْنَعُ الْإِمَامُ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

বাংলা

১১৪২-[৭] ’আলী ও মু’আয ইবনু জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তাঁরা বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কোন লোক যখন জামা’আতের সালাতে শরীক হওয়ার জন্যে আসবে তখন ইমাম যে অবস্থায় থাকবে ও যে কাজ করবে সেও সে কাজ করবে। (তিরমিযী; তিনি বলেন, হাদীসটি গরীব)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিযী ৫৯১, সহীহ আল জামি‘ ২৬১, মু‘জাম আল কাবীর লিত্ব ত্ববারানী ২০/২৬৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَالْإِمَامُ عَلَى حَالٍ) দাঁড়ানো অথবা রুকূ‘ অথবা সিজদা্ (সিজদা/সেজদা) অথবা বৈঠকের ক্ষেত্রে। (فَلْيَصْنَعْ كَمَا يَصْنَعُ الْإِمَامُ) সে যেন তাকবীরে ইহরাম দেয় এবং দন্ডায়মান অথবা রুকূ' অথবা এছাড়া অন্য যে অবস্থায় ইমাম থাকে সে অবস্থায় ইমামের অনুকূল হয়। ইমাম সালাতের যে অংশ আগে আদায় করে নিয়েছে তা আদায়ের মাধ্যমে ইমামের বিপরীত কাজ করবে না। বরং মুক্তাদী ইমামের সাথে ঐ কাজে প্রবেশ করবে যা ইমাম আদায় করছে। অতঃপর রুকূ', সিজদা্ (সিজদা/সেজদা), ক্বিয়াম (কিয়াম) ও বৈঠকে ইমামের অনুসরণ করবে। হাদীসটি ঐ অবস্থার উপর প্রমাণ বহন করছে যে, যে ব্যক্তি ইমামের সাথে মিলিত হবে তার উপর আবশ্যক ইমামকে সালাতের যে কোন অংশে পাবে ইমামের সাথে শরীক হবে। ‘‘ইমাম যে কোন অবস্থায় আছে’’ এ বাণীর স্পষ্টতার কারণে। রুকূ‘, সিজদা্, ক্বিয়াম (কিয়াম), বৈঠক এদের মাঝে পার্থক্য ছাড়া করবে না। ইমাম তিরমিযী বলেন, ‘ইলম বিশারদদের নিকট এর উপরেই ‘আমল।

(رَوَاهُ التِّرْمِذِيُّ) ইমাম তিরমিযী একে হাজ্জাজ বিন আরত্বাত থেকে সালাতের শেষ বর্ণনা করেন। তিনি আবূ ইসহাক আস্ সুবায়‘ঈ থেকে তিনি হুরায়রাহ্ ইবনু ইয়ারীম থেকে, তিনি ‘আলী থেকে বর্ণনা করেন এবং ‘আমর বিন মুররাহ্ থেকেও বর্ণনা করেছেন, তিনি ‘আবদুর রহমান বিন আবী লায়লা থেকে, তিনি মু‘আয বিন জাবাল থেকে। এর শাহিদ রয়েছে, যা ইবনু আবী শায়বাহ্ এক আনসারী লোক থেকে মারফূ' সূত্রে বর্ণনা করেছেন। হাদীসটি হল যে আমাকে রুকূ‘ অথবা দাঁড়ানো অথবা বসাবস্থায় পাবে সে যেন আমার সঙ্গে হয়ে যায় আমি যে অবস্থায় থাকি এবং মদীনাবাসীদের মানুষ থেকে সা‘ঈদ বিন মানসূর যা সংকলন করেছেন তা ইবনু আবী শায়বার শব্দের মতো।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55702

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন